

নির্দিষ্টকরণ আইন, ১৯৯৫

(১৯৯৫ সনের ১৩ নং আইন)

১৯৯৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন।

যেহেতু ১৯৯৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত
শিরোনামা**

১। এই আইন নির্দিষ্টকরণ আইন, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

**১৯৯৫-৯৬
অর্থ
বত্সরের
জন্য সংযুক্ত
তহবিল
হইতে
৩২০৬০,৭৭,৩১,০৪৪
টাকা
উত্তোলন**

২। এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদি নির্বাহের উদ্দেশ্যে ১৯৯৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সর চলাকালীন সময়ে যে ব্যয় হইতে পারে তাহা বহনের জন্য উক্ত তফসিলের কলাম ৫-এ বর্ণিত অর্থের অনধিক অর্থ, সর্বসাকুল্যে বত্রিশ হাজার ষাট কোটি সাতাত্তর লক্ষ একত্রিশ হাজার টাকা সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও প্রযোজ্য হইবে।

নির্দিষ্টকরণ

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান ও প্রয়োগ করিবার জন্য অনুমোদিত অর্থসমূহ ১৯৯৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সর সম্পর্কে উক্ত তফসিলে বর্ণিত কার্যাদির জন্য নির্দিষ্ট করা হইবে।